ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।

ইনভেষ্টরস্ ডিপার্টমেন্ট

দেশের ক্ষুদ্র ও মাঝারী সঞ্চয়কারীদের সঞ্চয় সংগ্রহ করে মূলধন বাজারের মাধ্যমে তা প্রবাহিত করে দ্রুত শিল্পায়ন তথা অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ১৩ জুন ১৯৭৭ সালে ইনভেস্টরস্ স্কীমের প্রবর্তন করা হয়। আইসিবি মার্জিন ঋণ ও পেশাগত পরামর্শ প্রদান করে বিনিয়োগকারী শ্রেণী সৃষ্টি করার উদ্দেশ্যে এ স্কীম চালূ করেছে।

ইনভেষ্টরস্ ডিপার্টমেন্ট কর্তৃক বিনিয়োগকারীগনকে নিম্নোক্ত সেবা প্রদান করা হয় ঃ

০১। **বিনিয়োগ হিসাবে প্রাথমিক/সেকেন্ডারি বাজার হতে সিকিউরিটিজ ক্রয় ঃ**

(ক) নির্দিষ্ট ফরম এ লিখিত ক্রয় আদেশ গ্রহণ;

(খ) সাধারণত ০৭ (সাত) কার্যদিবস পর্যন্ত ক্রয় আদেশের মেয়াদ বজায় থাকে;

(গ) বিনিয়োগ হিসবে পর্যাপ্ত তহবিল না থাকলে প্রয়োজনীয় অর্থ (চেক অথবা নগদে) জমা প্রদান করতে হবে;

(ঘ) বিনিয়োগ হিসাবে সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা ঋন প্রদান করা হয়;

(ঙ) ক্রয় আদেশে বাজার দর (market price) অথবা নির্দিষ্ট মূল্য (limit price) উল্লেখ করতে হবে;

(চ) প্রাথমিক বাজারে আবেদনের ক্ষেত্রে শেয়ার বরাদ্দ না হলে রিফান্ড মানি কোম্পানি হতে ফেরত প্রাপ্তি সাপেক্ষে বিনিয়োগকারীর হিসাবে জমা করা হয়;

ছ) একজন বিনিয়োগ হিসাব ধারী সর্বোচ্চ পাঁচটি বিনিয়োগ হিসাব পরিচালনা করতে পারবেন।

০২। **বিনিয়োগ হিসাব হতে সিকিউরিটিজ বিক্রয়**

(ক) নির্দিষ্ট ফরম এ লিখিত বিক্রয় আদেশ গ্রহণ;

(খ)বিক্রয় আদেশের মেয়াদ সর্বোচ্চ ১০(দশ) কার্যদিবস পর্যন্ত বজায় থাকে;

(গ) সেকেন্ডারি বাজারে সিকিউরিটিজ বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয় আদেশে সিকিউরিটিজের বাজার দর (market price) অথবা নির্দিষ্ট মূল্য (limit price) উল্লেখ করতে হবে;

(ঘ) সিকিউরিটিজ বিক্রয়লব্ধ অর্থ বিনিয়োগকারীর হিসাবে সাধারণত ৫ম কার্যদিবসে জমা করা হয়।

০৩। **লভ্যাংশ, সুদ, বোনাস/কনভার্টিবল শেয়ার বিনিয়োগ হিসাবে অন্তর্ভুক্তি**

বিনিয়োগ হিসাবে অর্জিত লভ্যাংশ, সুদ, বোনাস শেয়ার, কনভার্টিবল শেয়ার, বিভাজিত শেয়ার, রিফান্ড মানি, সিকিউরিটি বিক্রয়লব্ধ অর্থ ও অন্যান্য আয় আদায় সাপেক্ষে বিনিয়োগ হিসাবে অন্তর্ভুক্ত করা হয়।

০৪। জড় সিকিউরটিজ (non-demated securities) উত্তোলনের নিয়মাবলী ঃ

ক) নির্দিষ্ট ফরম এ বিনিয়োগকারী / পরিচালনাকারী কর্তৃক যথাযথ স্বাক্ষরপূর্বক আবেদন করতে হবে;
খ) উত্তোলনের জন্য আবেদনকৃত সিকিউরিটিজ সাধারণত ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রদান করা হয়;

গ) সিকিউরিটিজ উত্তোলনের সময় বিনিয়োগ হিসাবে নূন্যতম ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা বা সমমূল্যের (বাজার মূল্য বা ক্রয় মূল্যের মধ্যে যে দর কম সেই দরে) সিকিউরিটিজ থাকতে হবে অন্যথায় হিসাবটি নিষ্ক্রিয় বলে বিবেচিত হবে।

০৫। বিনিয়োগ হিসাব হতে তহবিল উত্তোলন/আন্তঃতহবিল স্থানান্তর ঃ

ক) বিনিয়োগকারী/পরিচালনাকারী কর্তৃক তহবিল উত্তোলন/ আন্তঃতহবিল স্থানান্তরের নির্ধারিত ফরম এ যথাযথ স্বাক্ষরপূর্বক আবেদন করতে হবে;

খ) বিনিয়োগকারী/পরিচালনাকারীর নিকট সর্বোচ্চ ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বিনিয়োগকারীর অনুকূলে ইস্যুকৃত চেক হস্তান্তর করা হয়।

০৬। বিনিয়োগ হিসাব বন্ধ করনের নিয়মাবলী ঃ

বিনিয়োগ হিসাবধারী/বিনিয়োগ হিসাব পরিচালনাকারীর লিখিত অনুরোধে হিসাব স্থিত সমুদয় দেনা (যদি ডেবিট জের থাকে) নিস্পত্তিপূর্বক এবং হিসাবভূক্ত সমুদয় সিকিউরিটিজ ও তহবিল (যদি ক্রেডিট জের থাকে) উত্তোলন গ্রহণ করে হিসাব বন্ধ করা যাবে। এক্ষেত্রে:

ক) বিনিয়োগকারী/পরিচালনাকারীকে বিনিয়োগ হিসাব বন্ধ করার জন্য নির্দিষ্ট ফরম এ আবেদন করতে হবে;
খ) নমুনা স্বাক্ষরকার্ডে বিনিয়োগকারী/পরিচালনাকারীর স্বাক্ষর পূনরায় গ্রহণপূর্বক হিসাব বন্ধ করার বিষয়টি নিশ্চিত করা হবে;
গ) বিনিয়োগকারী/পরিচালনাকারীর অনুকূলে সাধারণত ৭ (সাত) দিনের মধ্যে চেক/সিকিউরিটিজ প্রদানপূর্বক হিসাব বন্ধ করা হয়।

০৭। মৃত্যু জনিত কারণে বিনিয়োগ হিসাব বন্ধ করনের নিয়মাবলী ঃ

(ক) একক হিসাবের ক্ষেত্রে একাউন্ট হোল্ডার মৃত্যুবরণ করলে এবং উক্ত হিসাবে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা বা তার নীচের অংকের সম্পদ (সমাহার) থাকলে উক্ত মৃত্যু সম্পর্কে নিশ্চিত প্রমাণপত্র, প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/মিউনিসিপ্যাল কর্পোরেশন/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান অথবা ওয়ার্ড কমিশনার কর্তৃক উত্তরাধিকারী/ওয়ারিশন সনদপত্র/প্রত্যয়নপত্র, উত্তরাধিকারী (গণের) সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক) ছবি, সংস্থার কর্তৃপক্ষের বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্র গ্রহণপূর্বক সংস্থার আইন বিভাগ এবং নিরীক্ষা ও পদ্ধতি বিভাগ কর্তৃক ছাড়পত্র প্রদান সাপেক্ষে উক্ত সম্পদ (অর্থ, শেয়ার/ডিবেঞ্চার বা অন্য কোন সিকিউরিটি) উত্তোলন অনুমোদন প্রদানের ক্ষমতা শুধুমাত্র ব্যবস্থাপনা পরিচালক সংরক্ষন করবেন।

(খ) অপরদিকে সমহার মূল্যে ১০,০০০.০০ (দশ হাজার) টাকার উর্ধ্বের সম্পদ (অর্থ, শেয়ার/ডিবেঞ্চার বা অন্য কোন সিকিউরিটি) কোন হিসাবে থাকলে সেক্ষেত্রে আদালত থেকে উত্তরাধিকার সার্টিফিকেট গ্রহণ (নোটারী পাবলিক বা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ও অন্যান্য আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদনের মাধ্যমে উক্ত হিসাব থেকে নগদ অর্থ, শেয়ার ও ডিবেঞ্চার বা অন্য কোন সিকিউরিটি সংস্থার আইন বিভাগ এবং নিরীক্ষা ও পদ্ধতি বিভাগ কর্তৃক ছাড়পত্র প্রদান সাপেক্ষে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উত্তোলন করা যাবে।

০৮। বিনিয়োগ হিসাবের ব্যয়ঃ

(ক) মার্জিণ ঋণের উপর ১২.৫০% হারে (যা সময় সময় পরিবর্তনযোগ্য) ত্রৈমাসিক ভিত্তিতে সুদ ধার্য করা হয়;

(খ) চেক/ড্রাফট্ ইত্যাদি নগদায়ন খরচ;

(গ) প্রবাসী বিনিয়োগকারীদের সাথে যোগাযোগ ব্যয়;

(ঘ) নিয়মানুযায়ী (বছরে দু'বার) ষান্মাসিক ভিত্তিক হিসাব বিবরণী/পত্রকোষ বিবরণী প্রদানের জন্য কোন ফি দিতে হবে না। অতিরিক্ত (বছরে দু'বারের অধিক) প্রতিটি হিসাব বিবরণী/পত্রকোষ বিবরণী সরবরাহের জন্য ন্যূনতম ১০.০০ টাকা বিনিয়োগ হিসাবে চার্জ করা হয়। পাশাপাশি পূর্ববর্তী কয়েক বছরের হিসাব বিবরণী/পত্রকোষ বিবরণী প্রদানের জন্য কোন বিনিয়োগ হিসাবধারী অনুরোধ জানালে সেক্ষেত্রে পূর্ববর্তী প্রতি অর্থ-বছরের প্রতিটি হিসাব বিবরণী/প্রত্রকোষ বিবরণীর জন্য ন্যূনতম ১০.০০ টাকা বিনিয়োগ হিসাবে চার্জ করা হবে;

(ঙ) এসইসি এর নির্দেশনার আলোকে কাস্টডিয়ান/ ডিমেট চার্জ গ্রহণ।

উপরোক্ত ব্যয়সমূহ ছাড়া ক্ষুদ্র ও মাঝারি বিনিয়োগকারীগণকে বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে আইসিবি কর্তৃক বিনিয়োগকারীগণকে প্রদত্ত অন্যান্য সেবাসমূহের (যেমন- ব্যবস্থাপনা ফি, বিনিয়োগ পরামর্শ ফি ইত্যাদি) বিপরীতে আপাততঃ কোন ফি ধার্য্য করা হচ্ছে না।

সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

প্রধান কার্যালয়ঃ

উপ-মহাব্যবস্থাপক, মার্চেন্ডাইজিং ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা। ফোন ঃ ৯৫৬০৯০০।
সহকারী মহাব্যবস্থাপক, ইনভেষ্টরস্ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা। ফোন ঃ ৯৫৬২৫০৩

সেবা/পরামর্শ গ্রহনের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

স্থানীয় কার্যালয়ঃ

উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় কার্যালয়, ঢাকা। ফোন ঃ ৯৩৪৩২৮৮, ৮৩৬০৮১৫

সেবা/পরামর্শ গ্রহনের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

উপ মহাব্যবস্থাপক, চট্টগ্রাম শাখা। ফোন ঃ(০৩১)৭১৪৮৫১;

<u>সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ</u>
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

সহকারী মহাব্যবস্থাপক, রাজশাহী শাখা। ফোনঃ (০৭২১)৭৭৫৪০২, ৭৭৪৬৬১;

<u>সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ</u>
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

সহকারী মহাব্যবস্থাপক, খুলনা শাখা। ফোন ঃ (০৪১)৭২১৬৮৯, ৭২২৯৮৪;

<u>সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ</u>
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

সহকারী মহাব্যবস্থাপক, বরিশাল শাখা। ফোন ঃ (০৪৩১)৫৩৮০৪ ;

<u>সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ</u>
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

সহকারী মহাব্যবস্থাপক, সিলেট শাখা। ফোন ঃ (০৮২১)৭১৪৭০৩; ২৮৩০৪৫৮;

<u>সেবা/পরামর্শ গ্রহণের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যাবে ঃ</u>
সেবার ক্ষেত্রে বিনিয়োগকারীর কোন অভিযোগ/অনুযোগ থাকলে:

ব্যবস্থাপক, বগুড়া শাখা। ফোনঃ (০৫১)৬৬৯৪০, ৬৬৮৬০।